ঝিনাইদহে জেলা এনজিও সমন্বয় পরিষদের সাধারণ সভা

ঝিনাইদহে জেলা এনজিও সমন্বয় পরিষদের সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার দুপুরে শহরের জোহান ড্রিম ভ্যালি পার্কে এ সভার আয়োজন করা হয়।

জেলা এনজিও সমন্বয় পরিষদের সভাপতি সামছুল আলমের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আনোয়ারুল ইসলাম বাদশার সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের জেলা প্রশাসক নোমান হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদের প্রশাসক অ্যাড. মো. আব্দুল মজিদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ সাইফুর রহমান, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) মমিনুর রহমান এবং চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির সভাপতি মো. মোয়াজ্জেম হোসেন।

সভায় জেলার বিভিন্ন এনজিও প্রতিনিধিরা অংশ নেন। এ সময় উন্নয়ন কার্যক্রম, সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং এনজিওগুলোর কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করা হয়।

ঝিনাইদহে নির্বাচনী ইশতেহারের সরকারি ব্রিফিং এড়িয়ে এনজিও অনুষ্ঠানে ডিসি!

ঝিনাইদহে সদ্য যোগদান করা জেলা প্রশাসক নোমান হোসেনকে ঘিরে নতুন করে আলোচনা ও সমালোচনার জন্ম হয়েছে। দায়িত্ব গ্রহণের পর থেকেই নানা বিষয়ে বিতর্কের মুখে থাকা এই কর্মকর্তার বিরুদ্ধে

এবার উঠেছে সরকারি দায়িত্ব পালনে অবহেলার অভিযোগ।

বুধবার তথ্য মন্ত্রণালয়ের উদ্যোগে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন সম্পর্কিত একটি গুরুত্বপূর্ণ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। জেলা তথ্য অফিসের এই আয়োজনকে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করা হলেও বিস্ময়করভাবে সেখানে উপস্থিত হননি জেলা প্রশাসক নিজে। তার পরিবর্তে পাঠানো হয় অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমানকে।

অভিযোগ উঠেছে, ব্রিফিং চলাকালীন সময়েই জেলা প্রশাসক তার কার্যালয়ে অবস্থান করছিলেন। অথচ একই দিনে দুপুরে শহরের ফুডসাফারি মিলনায়তনে “রূপান্তর” নামের একটি এনজিওর অনুষ্ঠানে তাকে উপস্থিত দেখা যায়।

এ ঘটনায় সচেতন মহলে প্রশ্ন উঠেছে সরকারের গুরুত্বপূর্ণ কর্মসূচির চেয়ে কি একটি এনজিওর অনুষ্ঠান বেশি অগ্রাধিকার পেল? একজন জেলা প্রশাসকের কাছে রাষ্ট্রীয় দায়িত্ব কি দ্বিতীয় সারিতে চলে গেল?

স্থানীয় সাংবাদিকদের একাংশ বলছেন, সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন নিয়ে আয়োজিত ব্রিফিং ছিল অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

সেখানে জেলা প্রশাসকের অনুপস্থিতি শুধু দৃষ্টিকটুই নয়, এটি দায়িত্ববোধ নিয়েও প্রশ্ন তোলে। বিশেষ করে তিনি যখন একই সময়ে অন্য একটি বেসরকারি অনুষ্ঠানে অংশ নেন, তখন বিষয়টি আরও স্পষ্টভাবে আলোচনায় আসে। দেশের অন্যান্যা জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে এই ব্রিফিং অনুষ্ঠিত হয়।

সেখানে সভাপতিত্ব করেন সেই জেলার জেলা প্রশাসক। অথচ ঝিনাইদহের অনুষ্ঠানটি করা হয় জেলা শিল্পকলা একাডেমিতে। জেলা প্রশাসক তো আসেননি উপরন্তু নামমাত্র কয়েক মিনিটের ব্রিফিং করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক নামমাত্র অনুষ্ঠানে বক্তব্য দিয়ে তিনিও চলে যান ওই এনজিওর অনুষ্ঠানে।

জেলার বিভিন্ন মহল মনে করছে, সদ্য যোগদান করেই এ ধরনের কর্মকাণ্ড প্রশাসনের ভাবমূর্তিকে প্রশ্নবিদ্ধ করছে। সরকারি কর্মসূচিকে উপেক্ষা করে এনজিও অনুষ্ঠানে অংশ নেওয়ার ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমেও চলছে সমালোচনা।

এ বিষয়ে জেলা প্রশাসক নোমান হোসেন বলেন, ওই অনুষ্ঠানে জেলা

প্রশাসক থাকতে হবে এমন কোন নির্দেশনা নেই। অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের একজন কর্মকর্তা থাকলেই হবে তাই আমি যায়নি।

মেহেরপুরে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলায় এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার দুপুর ১২টায় উপজেলা পরিষদের হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। সভায় শহরের বিভিন্ন এনজিও প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।

এ সময় চলমান উন্নয়ন কার্যক্রম, সমন্বয় জোরদারকরণ এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার এনজিওগুলোর কার্যক্রমে স্বচ্ছতা ও পারস্পরিক সহযোগিতা বৃদ্ধার ওপর গুরুত্বারোপ করেন।

মেহেরপুরে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দিবস পালিত

জেলা প্রশাসন এবং বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের কর্মরত সহযোগী সংস্থাগুলোর আয়োজনে মেহেরপুরে যথাযোগ্য মর্যাদায় “বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন দিবস ২০২৫” পালিত হয়েছে। দিবসটি উদযাপন উপলক্ষে র্যালি শেষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সিডিপি সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সুবাহ

নির্বাহী পরিচালক মঈন-উল-আলম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আশাদুল ইসলাম, উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর। সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফরের সঞ্চালনায় অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর জেলার বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন প্রতিনিধিত্বকারী সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থার নির্বাহী পরিচালক মঈন-উল-আলম।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন মউকের উন্নয়ন কর্মী মুরাদ হোসেন, পল্লী জনউন্নয়ন কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক গোলাম কিবরিয়া, আরভির নির্বাহী পরিচালক জনাব আনারুল ইসলাম, পলাশিপাড়া সমাজকল্যাণ সমিতির পরিচালক মোঃ কামরুজ্জামান, সিডিপির পরিচালক জন প্রভঞ্জন এবং সুফিয়া খাতুনসহ আরও অনেকে।

এর আগে একটি বর্ণাঢ্য র্যালি প্রধান সড়ক প্রদক্ষিণ করে সিডিপি অফিস প্রাঙ্গণে এসে শেষ হয়। এ সময় বিভিন্ন সংস্থার প্রধান, কর্মকর্তা-কর্মচারী, উপকারভোগীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ র্যালি ও আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

দামুড়হুদা প্রেসক্লাবে সাংবাদিকদের সাথে কারিতাস এনজিও’র মতবিনিময় সভা

“মানুষ মানুষের জন্য” এই স্লোগানকে সামনে রেখে দামুড়হুদা প্রেসক্লাবে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও অন্তর্ভুক্তিকরণ প্রচার-প্রচারণামূলক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকাল ৩টার সময় কারিতাস বাংলাদেশ এনজিও’র বাংলাদেশ প্রবীণ, প্রতিবন্ধী এবং মাদকসক্ত ব্যক্তিদের সমন্বতি উন্নয়ন প্রকল্প (SDDB) এর আয়জনে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এসডিডিবি’র প্রকল্পের কার্পাসডাঙ্গা ইউনিয়ন উন্নয়ন কমিটির সভাপতি সুধিন সরকার।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক তানজির ফয়সাল, সহ-সভাপতি মিরাজুল ইসলাম মিরাজ, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা সাংবাদিক সমিতির সভাপতি হাফিজুর রহমান কাজল, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু সহ-সভাপতি মোজাম্মেল শিশির, যুগ্ম সাধারণ সম্পাদক বিল্লাল হোসেন, সাংগঠনিক সম্পাদক মেহেদী হাসান মিলনসহ বিভিন্ন সংবাদ কর্মী, এসডিডিবি প্রকল্পের ক্লাব লিডার, প্রতিবন্ধী ব্যক্তি, উন্নয়ন কমিটি ও সরকারি কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের সঞ্চালনা করেন এসডিডিবি’র প্রকল্পের ফিল্ড সুপারভাইজার বাপ্পা মন্ডল।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির মাসিক সমন্বয় ও পরিকল্পনা সভা

মেহেরপুরের গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) আয়োজিত সমন্বিত কৃষি ইউনিট এর কৃষি খাতের আওতায় উপজেলা পর্যায়ে সমন্বয় ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার পলাশীপাড়া সমাজ কল্যাণ সমতিরি প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় সভাপত্বি করেন সংস্থার উপপরিচালক মোহা: কামরুল আলম।

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোহাঃ ইমরান হোসেন, উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার সহিদুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: মোঃ আরিফুল ইসলাম।

উপজেলা সমন্বয় ও পরিকল্পনা সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের বাস্তবায়িত প্রদর্শনী, যথাক্রমে কৃষি, মৎস্য,ও প্রাণিসম্পদ খাতের

প্রেজেন্টেশন উপস্থাপনা করা হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরের লক্ষ্যমাত্রা নিয়ে আলোচনা করা হয়। এ সময় উপজেলা পর্যায়ের কর্মকর্তাগন বিভিন্ন প্রদর্শনীর আলোকে তথ্য উপাত্ত বিশ্লেষণ ও কারিগরি সহযোগিতা সহ সামগ্রীক বিষয় নিয়ে গঠন মূলক আলোচনা ও পর্যালোচনা করে দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও মাঠ পর্যায়ে প্রাপ্ত সমস্যা নিরশন নিয়ে আলোচনা করে দিক নির্দেশনা প্রদান করেন।

অন্যদের মধ্যে পলাশীপাড়ার সমাজ কল্যান সমিতির বিভিন্ন শাখার কর্মকর্তা, সার ব্যবসায়ী, বীজ ব্যবসায়ী, সাংবাদিক এবং সমন্বিত কৃষি ইউনিটের কর্মকর্তা ও সহকারী কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মউকের উঠান বৈঠক অনুষ্ঠিত

মেহেরপুর কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ ও মানব উন্নয়ন কেন্দ্র মউকের যৌথ আয়োজনে ঝরে পড়ারোধ ও সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে এক ওঠান বৈঠক সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২০ জুলাই) সকাল দশটার দিকে সদর উপজেলার বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সভাকক্ষে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহায়তায় এই উঠান বৈঠকের আয়োজন করে মানব উন্নয়ন কেন্দ্র (মউক)।

উঠান বৈঠকে বক্তব্য রাখেন বন্দর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু লায়েছ লাভলু।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মানব উন্নয়ন কেন্দ্র মউকের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা, বিদ্যালয়ের এসএমসি সভাপতি মো: জহুরুল ইসলাম, এসএমসির সদস্য রাজু আহমেদ, এডুকেশন ওয়াস গ্রুপের সদস্য মোখলেছুর রহমান ও আশিক বিল্লাহ। অনুষ্ঠান টি পরিচালনা করেন মউকের সংগঠক সুমাইয়া আখতার।

[illegible] ([illegible]) [illegible]

[illegible]

[illegible]

[illegible]

([illegible]) [illegible] Govt.Reg-S-6464/07C-52567/69469/10 Rural Development Project [illegible]

[illegible]

বৃহস্পতিবার সকালে ভুক্তভোগীরা লোন নিতে (এসএমসি) ফাউন্ডেশনের অফিসে উপস্থিত হয়। এসময় দীর্ঘ সময় অপেক্ষা করেও তাদের খোঁজখবর না পেলে স্থানীয়দের মাধ্যমে জানতে পারে ভোরে তারা চলে গেছে।

রুবিনা খাতুন জানান, লোভনীয় অফার দিয়ে চাকুরি করতে আগ্রহ জানান তারা। পরবর্তীতে চাকুরি করতে জামানত হিসাবে ১৫ হাজার টাকা নেয়।

তিনি আরো জানান, সকালে চাকুরিতে যোগদান করতে আসি। এসে অফিস তালাবদ্ধ দেখতে পায়। অনেক মানুষ লোন নিতে আসা সাধারণ মানুষ ভিড় করে।

মেহেরপুরে সেই এনজিওর নামে আদালতের স্বপ্রণোদিত মামলা

“অর্ধ কোটি টাকা নিয়ে উধাও সোনালী ফাউণ্ডেশন” শিরোনামে গত ৫ অক্টোবর মেহেরপুর প্রতিদিনসহ বিভিন্ন পত্রিকার প্রকাশিত সংবাদ আমলে নিয়ে সেই এনজিও বিরুদ্ধে স্বপ্রণোদিত মামলা করেছেন আদালত।

গত মঙ্গলবার (১১ অক্টোবর) মেহেরপুর সদর আমলি আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এসএম শরিয়ত উল্লাহ্ এ মামলা দায়ের করেন। একই সাথে কোনোরূপ ব্যর্থতা ছাড়া আগামী ১০ নভেম্বরের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (স্বয়ং) কে নির্দেশ প্রদান করেন।

আদেশে আদালত বলেন, পত্রিকায় প্রকাশিত সংবাদটি সঠিক হয়ে থাকলে তা সাধারণ মানুষের সাথে প্রতারণা এবং অর্থ আত্মসাৎ যা শাস্তিযোগ্য অপরাধ বলে আদালত আদেশে উল্লেখ করেন। প্রশাসন ও আইন শৃঙ্খলা বাহিনীর নাকের ডগায় শহরের ঠিক প্রাণকেন্দ্রে এভাবে ব্যবসার নামে প্রতারণা করে মানুষের টাকা হাতিয়ে নিয়ে যাওয়ার ঘটনা কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলেও আদালত মন্তব্য করেন। এর সাথে জড়িতদের শাস্তির আওতায় আনয়নের নিমিত্ত মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (স্বয়ং)-কে পাঁচ দফা নির্দেশনাসহ আগামী ১০ নভেম্বর এর মধ্যে বিস্তারিত প্রতিবেদন দাখিলের নির্দেশ প্রদান করেন।

উল্লেখ্য, মেহেরপুর শহরের যাদবপুর সড়কে একটি ভবন ভাড়া নিয়ে সোনালী ফাউণ্ডেশন নামের একটি এনজিও প্রতিষ্ঠান ঋণ দেওয়ার নাম করে গ্রাহকদের কাছে থেকে অর্ধকোটি টাকা নিয়ে উধাও হয়ে যায়। এনিয়ে গত ৫ অক্টোবর মেহেরপুর প্রতিদিনে “অর্ধ কোটি টাকা নিয়ে উধাও সোনালী ফাউন্ডেশন” শিরোনামে সংবাদ প্রকাশ হয়।

সংবাদটি পড়ুন অর্ধ কোটি টাকা নিয়ে উধাও ‘সোনালী ফাউণ্ডেশন’

এনজিও আশা’র বাওট ব্রাঞ্চের নিখোঁজ বাবুর্চির পরিবারের সংবাদ সম্মেলন

বেসরকারী এনজিও আশা’র গাংনী উপজেলার বাওট ব্রাঞ্চের বাবুর্চি হৃদয়কে জীবিত অথবা মরদেহ উদ্ধারের দাবীতে সংবাদ সম্মেলন করেছেন তার পরিবার।

বুধবার দুপুরে মেহেরপুর জেলা প্রেসক্লাবে এই সংবাদ সম্মেলন করেন তারা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন হৃদয়ের স্ত্রী কনা খাতুন। এসময় তার শিশু কন্যা আনিশা খাতুন(৩), পিতা মিন্টু হোসেন ও মা আক্তার বানু উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি, সাধারণ সম্পাদকসহ বিভিন্ন গণমাধ্যম কর্মিরা উপস্থিত ছিলেন।

মায়ের পক্ষে লিখিত বক্তব্যে পাঠ করেন হৃদয়ের স্ত্রী কনা খাতুন। তিনি বলেন, ঘটনার দুই দিন পার হয়ে গেলেও হৃদয়কে জীবিত অথবা মৃত উদ্ধার করতে পারেনি পুলিশ। তিনি অভিযোগ করেন হৃদয় নিখোঁজ থাকলেও তাকে বের করার জন্য পুলিশ আমাদের উপর চাপ সৃষ্টি করছে। বামন্দী পুলিশ ফাঁড়ির পুলিশ আমাদের বাড়িতে গিয়ে নানাভাবে ভয়ভীতি দেখানোসহ হুমকী ধামকী দিচ্ছেন।

লিখিত বক্তব্যে আরো বলেন, এনজিও সংস্থা আশা’র বাওট ব্রাঞ্চের ব্যবস্থাপক আমিনুল ইসলাম ও কিস্তি অফিসার সামিয়ার সাথে অনৈতিক সম্পর্ক গড়ে তোলেন। আমার ছেলে তাদের অনৈতিক সম্পর্ক দেখে নিষেধ করে। এঘটনায় ম্যানেজার আমিনুল ক্ষিপ্ত হয়ে তাকে মারধর ও দেখে নেওয়ার হুমকী দেন।

হৃদয় তাদের দুজনার অসামাজিক কাজের একটি ভিডিও ধারণ করেছিলেন। সেই ভিডিও নেওয়ার জন্য ম্যানেজার আমিনুল ইসলাম হৃদয়কে নানাভাবে চাপ সৃষ্টি করে আসছিল।

১ অক্টোবর বাড়ি থেকে আশা সংস্থার বাওট অফিস নিজ কার্যালয়ে যাওয়ার কথা বলে সন্ধ্যা সাড়ে ৬ টার দিকে বের হয়ে আসে হৃদয়। তারপর থেকে হৃদয়ের ব্যবহৃত মোবাইল ফোনটি বন্ধ পাওয়া যায়।

পরের দিন সকালে আশা অফিসে খুঁজতে এসে অফিসের ভিতরে রক্ত এবং একটি বটি উদ্ধার করে লোকজন। এর আগে আশা অফিসের লোকজন সবাই পালিয়ে গেলেও স্থানীয়দের হাতে ধরা পড়েন ম্যানেজার আমিনুল ইসলাম। স্থানীয় লোকজন তাকে মারধর করে পুলিশে সোপর্দ করেন।

এসময় হৃদয়ের স্ত্রী কনা খাতুন বলেন, আমার স্বামী আমাকে বলেছিল ওই ম্যানেজার হুমকী দিয়েছে। সে আমাকে বলেছে তোকে আমি বাঁচতে দেবোনা। তোর ভিটিতে ঘুঘু চরাবো। তোর লাশটাও তোর পরিবার পাবেনা।ওই ভিডিও নেওয়ার জন্য আমার স্বামীর মোবাইল নং এ অপরিচিত মোবাইল নং থেকে ফোন দিতো। তারা বলতো বাওট বাজার থেকে তোকে মাইরি ফেলাবো।

তিনি ওই দিনকার ঘটনা বর্ণনা করতে গিয়ে বলেন, তার সাথে আমার রাত ৮ টার দিকে প্রথম কথা হয়েছে। সে বলেছিল কারেন্ট নাই। আমি নিচে বসে আছি। পরে রাত ১১ টার দিকে আবারও ফোন দিয়ে বলেছিল আমার কিছু ভাল লাগছেনা। ঘুম আসছেনা। তারপর আমি ঘুমিয়ে পড়েছিলাম। সকালে উঠে আর তার ফোনে ঢুকতে পারিনি। ফোন বন্ধ পেয়েছি।

তিনি বলেন পুলিশ এবং আশা এনজিওর লোক আমাদের পরিবারকে চাপ দিচ্ছেন আমার স্বামীকে বের করার জন্য। তিনি দাবী করেন আমার স্বামীকে পুলিশ উদ্ধার করে দিক। সে যদি অন্যায় করে তার যে সাজা হবে দিক। আর যদি তার লাশ পাই তাহলে আমি ওই এনজিওকে দায়ী করবো।

এঘটনায় আক্তার বানু তার ছেলে নিখোঁজ হওয়ার ঘটনায় গাংনী থানায় একটি সাধারণ ডাইরি করেছেন। যার নং ১৬২, তারিখ ০৪/১০/২০২২ ইং।